

এডিআর নিষ্পত্তির প্রক্রিয়া: আয়কর



সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ/ আদালতের অনুমতি গ্রহণ



তফসিল-১ এ উল্লেখিত ফরমে ৫ প্রস্থ আবেদন ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ/ আদালতে দাখিল। উক্ত কর্তৃপক্ষ পরবর্তী ৩ কার্যদিবসের মধ্যে আবেদনটি জাতীয় রাজস্ব বোর্ডের নিকট প্রেরণ করবেন।



জাতীয় রাজস্ব বোর্ড পরবর্তী ৩ কার্যদিবসের মধ্যে সহায়তাকারীকে মনোনয়ন প্রদানপূর্বক সকল পক্ষকে অবহিত করবেন এবং পরবর্তী কার্যদিবসের মধ্যে আবেদনের কপি সংশ্লিষ্ট কর কমিশনার ও সহায়তাকারীর নিকট প্রেরণ করবেন।



সংশ্লিষ্ট কর কমিশনার পরবর্তী কার্যদিবসের মধ্যে তাহার অধীনস্থ একজন কর্মকর্তাকে (সর্বনিম্ন উপকর কমিশনার) বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন প্রদান করবেন এবং বিষয়টি আবেদনকারী ও সহায়তাকারীকে অবহিত করবেন।



সহায়তাকারীর মধ্যস্থতায় বিরোধীয় বিষয়ে উভয় পক্ষের মতৈক্য হলে সহায়তাকারী যুক্তিসঙ্গত সময়ের মধ্যে একটি চুক্তিপত্র প্রস্তুত করবেন এবং সংশ্লিষ্ট সকলপক্ষ উহাতে স্বাক্ষর করবেন।